

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ প্রশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

স্মারক নং- ৫১.০০.০০০০.৪১০.০৪.০১০.১৬-১২৬

তারিখঃ ১১-০৪-২০১৭ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ আব্দুস সালাম, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঠাকুরগাঁও ইতোপূর্বে রংপুর জেলায় কর্মরত থাকালীন গত ২০১১-২০১২ অর্থ বছরে পীরগাছা উপজেলায় “পাঠকশিকড় ইহছান দরবার শরীফ” এর বিপরীতে কাবিখা কর্মসূচীর আওতায় বরাদ্দকৃত ৬.০০ মেঃ টন খাদ্যশস্য দ্বারা প্রকল্প কমিটি কর্তৃক কোন কাজ না করার অভিযোগসহ অন্যান্য প্রকল্পে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব গৌতম কুমার ভট্টাচার্য-কে আহবায়ক করে তদন্ত কমিটি গঠন করা হয়। অভিযুক্ত জনাব মোঃ আব্দুস সালাম উক্ত তদন্ত কমিটির নিকট তথ্য প্রদান করেন যে, গত ২০১০-২০১১ অর্থ বছর হতে তদন্তের দিন (১১-১০-২০১৪) পর্যন্ত টিআর/ কাবিখা/ ইজিপিপি বা অন্য কোন খাত হতে কোন সম্পদ “পাঠকশিকড় ইহছান দরবার শরীফ” এর বিপরীতে বরাদ্দ হয়নি, যা ভুল ও অসত্য মর্মে প্রতীয়মান হয়েছে;

যেহেতু, উপর্যুক্ত কার্যকলাপে তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ধারা অনুযায়ী অসদাচরণের দায়ে অভিযুক্ত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৩-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪১০.০৪.০১০.১৬-৪৫৬ সংখ্যক স্মারক মূলে তাঁকে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৩-১১-২০১৬ খ্রিঃ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী গ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং ২৮-০৩-২০১৭ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং ন্যায় বিচারের স্বার্থে সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা ও অভিযুক্তের ব্যক্তিগত উপস্থিতিতে ০৫-০৪-২০১৭ খ্রিঃ তারিখে পুনঃ শুনানী গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা মোঃ আব্দুস সালাম জানান তিনি ভুল করেছেন এবং ভুল তথ্য দিয়েছেন। বর্তমানে তিনি পিআরএল-এ থাকায় ক্ষমা চেয়েছেন। সামগ্রিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, এক্ষণে জনাব মোঃ আব্দুস সালাম, প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অবঃ), ঠাকুরগাঁও-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (এ) ধারামতে তিরস্কার (Censure) দণ্ড প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-  
( মোঃ শাহ্ কামাল )  
সচিব।

অঃপঃদ্রঃ/২

স্মারক নং- ৫১.০০.০০০০.৪১০.০৪.০১০.১৬-১২৬/১(১১)

তারিখঃ ১১-০৪-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও/ রংপুর।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও/ রংপুর।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঠাকুরগাঁও/ রংপুর।
- ৮। জনাব মোঃ আব্দুস সালাম, প্রাক্তন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অবঃ), ঠাকুরগাঁও।

( মোঃ নূরুল ইসলাম )  
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।